# Times Today BD

দেওয়ান গিয়াস উদ্দিন | দেশজুড়ে | 24 June, 2025

নোয়াখালীর সদর ও বেগমগঞ্জ উপজেলায় মাদক সেবন ও বিক্রির অপরাধে ১১ জনকে নগদ ৫৫০ টাকা অর্থদণ্ডসহ বিভিন্ন মেয়াদে বিনাশ্রম কারাদণ্ড দেয়া হয়েছে।

মঙ্গলবার (২৪ জুন) বেলা ১১টার দিকে বিষয়টি নিশ্চিত করেন জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুব্রত সরকার শুভ। এর আগে, গত রোববার দিনব্যাপী মাদকবিরোধী টাস্কফোর্স সদর উপজেলার সোনাপুর বাসস্ট্যান্ড এলাকা এবং বেগমগঞ্জের আনন্দ বাসস্ট্যান্ড এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করেন।

দন্ডপ্রাপ্তরা হলেন, সদর উপজেলার মো.হাসান (৩২) আমজাদ হোসেন (৩০) বেগমগঞ্জের আবুল কালাম (৩৫) মো.হেলাল হোসেন (৩২) মো.মনির হোসেন (৩৫) মো.ইয়াছিন (৩১) মো.গিয়াস (২৯) মো.স্বপন (২৫) লক্ষীপুরের মিহির শাহা (৪৫) মো.সজিব (২৪)ও চাঁদপুরের মো.পারভেজ (৩১)।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর গত রোববার দিনব্যাপী সদর উপজেলার সোনাপুর বাসস্ট্যান্ড এলাকা এবং বেগমগঞ্জের আনন্দ বাসস্ট্যান্ডের এলাকায় মাদকবিরোধী টাস্কফোর্স অভিযান চালায়।এতে নেতৃত্ব দেন জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো. ফাহিম হাসান খান এবং নোয়াখালী বেগমগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো.আরিফুর রহমান।অভিযানে মাদক ক্রয়-বিক্রয় ও সেবনকালে ২ কেজি ৬শত গ্রাম গাঁজা ও ৪ লিটার চোলাইমদসহ ১১জন মাদকসেবীকে গ্রেপ্তার করা হয়।তাৎক্ষণিক ভ্রাম্যমাণ আদালতে

নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ ঘটনাস্থলেই ৪জনকে ৭দিন করে ৭জন ৩দিন করে বিভিন্ন মেয়াদে কারাদন্ড ও ৫৫০ টাকা অর্থদন্ড প্রদান করেন।এতে ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় সহযোগিতা করেন একদল আনসার ব্যাটেলিয়ন।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুব্রত সরকার শুভ আরও বলেন, গ্রেপ্তারকৃতদের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে বিনাশ্রম কারাদণ্ড এবং অর্থদণ্ড দেয়া হয়।পরে তাদের জেলা কারাগারে পাঠানো হয়।

মাদকদ্রব্য নোয়াখালী

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 June, 2025 22:58

URL: https://timestodaybd.com/across-the-country/16513614